

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সওজ গেজেটেড সংস্থাপন শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নং- ৩৫.০০.০০০০.০২২.০৬.০০৩.১৭- ৫০৭

তারিখঃ ১০/০৯/২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পে নিয়োজিত ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ কর্মস্থলে নিয়মিত উপস্থিত থাকছেন না। এর ফলে বিভিন্ন প্রকল্পের চলমান কার্যক্রম এবং মানসম্মত সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণে ত্রুটি পরিলক্ষিত হচ্ছে। আজ সাসেক- I এবং সাসেক- II প্রকল্পের কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত সভায় এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বিভিন্ন প্রকল্পের ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের কর্মস্থলে নিয়মিত উপস্থিত এবং অবস্থান না করায় অসন্তোষ প্রকাশ করেন; যা খুবই দুঃখজনক ও অনভিপ্রেত।

০২। এমতাবস্থায়, আদিষ্ট হয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) প্রকল্প/মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ কর্মস্থলে অবস্থান করবেন এবং নিয়মিত উপস্থিত থাকবেন;
- (খ) জোন পর্যায়ের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ কর্মস্থল ত্যাগ করার ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট জোনের মনিটরিং এর দায়িত্বপ্রাপ্ত এ বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিবকে অবহিত রাখবেন; এবং
- (গ) মাঠ পর্যায়ের উপ- বিভাগ, বিভাগ ও সার্কেলের কর্মকর্তাগণ কর্মস্থল ত্যাগ করার ক্ষেত্রে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করবেন।

০৩। জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

(অঞ্জনা খান মজলিশ)

উপসচিব


ফোনঃ ৯৮৮৫২৫৭

নং- ৩৫.০০.০০০০.০২২.০৬.০০৩.১৭- ৫০৭/১(২৫)

তারিখঃ ১০/০৯/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাকে অবহিত করবেন)
- ০২। অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব(সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৩। যুগ্মসচিব(সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সকল জোন).....
- ০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক ও পরিবহন ও সেতু মন্ত্রণালয়
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৮। অফিস কপি/মাস্টার কপি

  
(অঞ্জনা খান মজলিশ)  
উপসচিব